



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/নেত্র/কলেজ/২০১৯/ ০২৬৮

তারিখ : ২৯/০৬/১৯

বিষয় : ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.১৪১

তারিখ : ২৭ মে ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ “অধ্যাপক আবু তাহের খান কলেজ” নেত্রকোণা -এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে হতে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হল। এই অনুমতিকে কোন ক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ :

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা

বিষয়সমূহ :

আবশ্যিক :
১। বাংলা
২। ইংরেজি
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক :
১। পৌরনীতি ও সুশাসন
২। সমাজকর্ম
৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
৪। যুক্তিবিদ্যা
৫। অর্থনীতি
৬। কৃষি শিক্ষা
৭। ভূগোল

ব্যবসায় শিক্ষা :
১। হিসাব বিজ্ঞান
২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
৪। ফিন্যান্স ব্যাংকিং ও বীমা

শর্তসমূহ :

১. কলেজটি ভবিষ্যতে নিয়োগকৃত শিক্ষক/কর্মচারী কখনও এমপিওভুক্ত দাবী করতে পারবে না।
২. অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
৩. আগামী ছয় মাসের মধ্যে বিষয়সমূহের শিক্ষক নিয়োগ প্রক্রিয়া শেষ করে বোর্ডকে অবহিত করতে হবে।

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য ২)

৪. এ অনুমতির ৩ (তিন) বছর কার্যকর থাকবে।
৫. কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধরন তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
৬. ৩১/১২/২০১৯ তারিখের মধ্যে বিধি মোতাবেক নির্বাহী কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন নিতে হবে।
৭. উচ্চ মাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা মানবিক শাখায়-১০০ জন, ব্যবসায় শিক্ষা শাখায় ৫০ জন।
৮. উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
৯. নির্ধারিত সময়ের মধ্যে উপরোক্ত শর্তাদির যে কোনটির ব্যত্যয় ঘটলে এ অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।
১০. চলতি শিক্ষাবর্ষে (২০১৯-২০২০) উচ্চমাধ্যমিক পর্যায়ে ছাত্র/ছাত্রী ভর্তি করে যথাসময়ের মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় ফি বোর্ডে জমা করতে হবে।
১১. কলেজের জন্য ব্যবহৃত ভবনে অন্য কোন ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করা যাবে না।
১২. প্রতিষ্ঠানের (উচ্চমাধ্যমিক পর্যায়) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে:-

(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট

(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট

(গ) প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব এর অনুকূলে ব্যাংক ড্রাফট।

১৩. উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতি পত্র প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

অধ্যক্ষ :

অধ্যাপক আবু তাহের খান কলেজ,
কলমাকান্দা, নেত্রকোণা।

শেখ মোঃ হাবিবুর রহমান

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

ফোন : ০৯১- ৫৩৩৩৬ (অ)


ই-মেইল : inscollbisemym@gmail.com

মেমো নং :

তারিখ :

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল :

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬. সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৭. অফিস কপি।

কলেজ পরিদর্শক 
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।